গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রতিষ্ঠান শাখা-১
www.rdcd.gov.bd



বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

স্মারক নম্বর-৪৭.০০.০০০০.০৩৩.৯৯.০০৭.২৩-৬৬৫

২৭ অগ্রহায়ণ, ১৪৩০
তারিখ: ----------
১২ ডিসেম্বর, ২০২৩

বিষয়: পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার যুগ্মপরিচালক, জনাব মোহাম্মদ আবিদ হোসেন মৃধার নামের পূর্বে ডক্টর উপাধি ব্যবহার সংক্রান্ত।

সূত্র: ১. আরডিএ, বগুড়ার স্মারক নং-৪৭.৬৪.১০৮৮.০১৪.৩১.৫৮২.২২.৮৩০; তারিখ: ২৬-০৬-২০২৩ খ্রি.।
২. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৯.৯৯.০২২.০৪.৪৫৩; তারিখ: ১৩/১১/২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যেহেতু মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার যুগ্মপরিচালক জনাব মোহাম্মদ আবিদ হোসেন মৃধার অর্জিত পিএইচডি (২০১২-২০১৩ শিক্ষাবর্ষে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগের অধীন "Vulnerability of Groundwater Hydrology in Bogura district, Northwest Bangaldesh" অভিসন্দর্ভ) সনদপত্রের সঠিকতা যাচাই অন্তে সনদ বিশ্ববিদ্যালয়ের মূল রেকর্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হয়েছে; এবং যেহেতু প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণের বিষয়টি তাঁর অজানা ছিল মর্মে এ প্রেক্ষাপটে তিনি অজ্ঞতাজনিত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন; সেহেতু তাঁর নামের পূর্বে ডক্টর উপাধি ব্যবহারের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

০২। অধিকন্তু প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমতি ব্যতিরেকে, শিক্ষা ছুটি/প্রেষণ ব্যতীত, একই সঙ্গে চাকরির দায়িত্ব পালনরত অবস্থায় যুগ্মপরিচালক, জনাব মোহাম্মদ আবিদ হোসেন মৃধার অনুরূপ পিএইচড়ি কোর্সে বা দেশে বিদেশে উচ্চতর শিক্ষা কোর্সে অধ্যয়নের বিষয়টি যেন পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে আরডিএ-এর কর্মকর্তাগণকে সতর্ক করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মোঃ আনিচুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪৭১২৪৪৩৬
e-mail: rdsection4@gmail.com

মহাপরিচালক
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।

সদয় অবগতির জন্য অনুলিপি :-

১। জনাব মোহাম্মাদ আবিদ হোসেন মৃধা, যুগ্মপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (**সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য**)।
৩। সিস্টেম অ্যানালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (**ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**)।
৪। অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (**অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য**)।
৫। অফিস কপি।